

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৪- ৫৫


তারিখ: ১২ জ্যৈষ্ঠ, ১৪৩২ খ্রিষ্টাব্দ
২৬ মে, ২০২৫ বঙ্গাব্দ

বিষয়ঃ কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলাধীন পাঁচগ্রাম এম. হক বালিকা দাখিল মাদ্রাসার জনাব আবদুল মোনায়েম, সুপারিনটেনডেন্ট এর বিরুদ্ধে কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রেরিত শিক্ষক-কর্মচারীদের নতুন এমপিও আবেদন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮(২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৭.২ (ক) অনুচ্ছেদ অনুযায়ী গঠিত এমপিও বাছাই ও অনুমোদন কমিটি কর্তৃক মে/২০২৫ মাসের এমপিও যাচাই বাছাইয়ে পরিলক্ষিত হয়, কুড়িগ্রাম জেলার চিলমারী উপজেলাধীন পাঁচগ্রাম এম. হক বালিকা দাখিল মাদ্রাসার জনাব আবদুল মোনায়েম, সুপারিনটেনডেন্ট, আপনার প্রতিষ্ঠানে সহকারী লাইব্রেরিয়ান পদে নিয়োগপ্রাপ্ত জনাব আবু নাসিম এর নিয়োগকালীন কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকা সত্ত্বেও মে-২০২৫ মাসে নতুন এমপিও আবেদন করেন। কাম্য শিক্ষাগত যোগ্যতাবিহীন নতুন এমপিও আবেদন না করার জন্য নির্দেশনা দেওয়া সত্ত্বেও আপনি নতুন এমপিও আবেদন প্রেরণ করেছেন।

এমতাবস্থায়, নিয়োগকালীন কাম্য শিক্ষাগত যোগ্যতাবিহীন এমপিওযোগ্য নয় এরকম নতুন এমপিও আবেদন প্রেরণ করায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮(২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৮.১ (গ) ও (ঙ) অনুচ্ছেদ অনুযায়ী আপনার মাসিক বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিতসহ কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না এ মর্মে আগামী ১৬/০৬/২০২৫ তারিখের মধ্যে সন্তোষজনক লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১। জনাব আবদুল মোনায়েম,
সুপার, পাঁচগ্রাম এম. হক বালিকা দাখিল মাদ্রাসা, চিলমারী, কুড়িগ্রাম।


২৬. ০৬. ২০২৫

মোঃ শরিফুল ইসলাম
সহকারী পরিচালক (অর্থ)

ও

সদস্য সচিব

এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

ফোন: ৪১০৩০৮৯৩

adfinance.dme@gmail.com

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চিলমারী, কুড়িগ্রাম।
- ৪। সভাপতি, পাঁচগ্রাম এম. হক বালিকা দাখিল মাদ্রাসা, চিলমারী, কুড়িগ্রাম।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।